ভূমিবার্তা

৩৮ বর্ষ, চতুর্থ-ষষ্ঠ সংখ্যা, জুলাই-ডিসেম্বর, ২০২০

"আয় আরো হাতে হাত রাখি

শুধুমাত্র মৌখিক সহানুভূতি প্রদর্শন নয় দুর্দশাগ্রস্ত বিপর্যস্ত মানুষের পাশে দাঁড়ানোও আমাদের সামাজিক দায়। "

সম্পাদকীয়

"আয় আরো হাতে হাত রাখি।"

"It is not enough to be compassionate, you must act." বলেছিলেন দলাই লামা। শুধুমাত্র মৌখিক সহানুভূতি প্রদর্শন নয় দুর্দশাগ্রস্ত বিপর্যস্ত মানুষের পাশে দাঁড়ানোও আমাদের এক সামাজিক দায়। সেই দায়িত্ব নিতে আমাদের সমিতি যে সদাপ্রস্তুত সেকথা আমরা বিশ্বাস করি।

এই বিশ্বাস নিয়েই প্রয়োজনে মানুষের পাশে দাঁড়ানোর কাজ করেছে সমিতি বিভিন্ন দুর্বিপাকের সময়ে। স্বল্প সামর্থ্য নিয়েও হাত বাড়িয়েছে বন্যাবিধ্বস্ত মানুষের দিকে, সাধ্যানুযায়ী সাহায্য করেছে ভূকম্প-ঝঞ্ঝা-পীড়িতদের। সমিতির এই সহমর্মী, সামাজিক দায়িত্ববোধের চিরচেনা ছবিটাই আবার ফুটে উঠল সাম্প্রতিক দেশব্যাপী কোভিডজনিত লকডাউনের মাঝে। সমিতির মানবিক ডাকে সাড়া দিয়ে কাজ খোয়ানো অসংখ্য অসহায় নিরন্ন মানুষের পাশে দাঁড়ালেন সদস্যবন্ধুরা জেলায় জেলায়। যে মুহূর্তে সাধারণ মানুষ অজানা আশঙ্কায় ঘরবন্দী, সেই সময়েই সদস্যবন্ধুরা ভয়কে জয় করে প্রত্যন্ত গ্রামে গঞ্জে পৌঁছে গিয়ে আয়োজন করলেন ত্রাণ শিবিরের। আর্ত, পীড়িতদের হাতে তুলে দিলেন নিত্যপ্রয়োজনীয় সামগ্রী। লকডাউন চলাকা-লীনই বাংলায় তাণ্ডব চালাল ভয়াবহ ঘূর্ণীঝড় 'আমফান'। ব্যাপক ক্ষতিগ্রস্ত দুটি জেলার উপকূলভাগের চরম দুর্দশাগ্রস্ত মানুষের পাশে পুনরায় এসে দাঁড়াল সমিতি। ত্রাণ বিলির পাশাপাশি দু'টি প্রাথমিক বিদ্যালয়ের পুনর্নির্মাণের কাজেও নিজেকে সামিল করল।

মানুষের জীবন কখনো কখনো ধ্বস্ত, বিপর্যস্ত হয় এইরূপ প্রাকৃতিক বা অন্যবিধ বিপর্যয়ে। তবু জীবন থেমে যায় না। ধ্বংসস্তূপ থেকে উঠে দাঁড়ায় মানুষ –আত্মশক্তিতেই, সহমর্মী মানুষের সহযোগিতায়।

কবি বলেছেন – "আছে সব আছে, ঘর আছে, অন্ন আছে ভালোবাসা আছে।

জননীর বুক জুড়ে আর এক অমৃত আছে,

শিশুর দুচোখে আছে প্রবাহিত মনুষ্যত্ব –

নবজীবনের গান..."।

এই যে 'প্রবাহিত মনুষ্যত্ব', এরই এক পরিচয় মানুষে মানুষে সহমর্মিতায়, সহযোগিতায়। সমিতি এই মানবিক সহযোগিতায়, সহমর্মিতায় বিশ্বাসী। অতীতে, সাম্প্রতিক কালে যেমন দাঁড়িয়েছে পীড়িত মানুষের পাশে, ভবিষ্যতেও দাঁড়াবে।

পশ্চিমবঙ্গ ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক সমিতির মুখপত্র

ভূমিবার্তা

৩৮ বর্ষ, চতুর্থ-ষষ্ঠ সংখ্যা, জুলাই-ডিসেম্বর, ২০২০

সম্পাদকমন্ডলী
গৌতম তালুকদার, কিশোর কুমার বিশ্বাস,
সুরজিৎ চন্দ্র, অঞ্জন ঘোষ

সম্পাদক
অনিন্দ্য বিশ্বাস

সহ সম্পাদক
তাপসী চ্যাটার্জী

প্রকাশক
দেবাশিস সেনগুপ্ত
পশ্চিমবঙ্গ ভূমি ও ভূমি সংস্কার
আধিকারিক সমিতির পক্ষে।

কার্যালয়
২৩৮, মানিকতলা মেইন রোড, ফ্ল্যাট-১০,
কোলকাতা-৭০০০৫৪

অক্ষর বিন্যাস ও রূপায়নে
মায়ানীভ

মুদ্রণে
জে.বি. প্রিন্ট
৫২/১ এন.এস.রোড, কলকাতা-৭০০০৫৯

সূচিপত্র

• সহযোগিতার সেতুবন্ধন.....৩
• Pandemic and WBLLROA.....৬
• কোভিড পরিস্থিতিতে পুরুলিয়া জেলা কমিটির কর্মসূচী.....৭
• লকডাউনে ত্রাণ বিলি - বাঁকুড়া জেলা কমিটির উদ্যোগ.....৮
• করোনা ত্রাণে জলপাইগুড়ি, উত্তর দিনাজপুর, বীরভূম ও উত্তর চব্বিশ পরগণা.....১০
• করোনা সংকটকালে পশ্চিম মেদিনীপুর জেলা কমিটির কর্মযজ্ঞের একটি সংক্ষিপ্ত মূল্যায়ণ.....১২
• Relief Programmes undertaken by South 24 Parganas District Committee.....১৪
• Preparetion of Record of Rights - Historical Legacy vis-a-vis the applied Act(s) and the power and Jurisdiction of the Empowered Authority and the extent of Judicial Review.....১৯
• সমিতির পত্র.....৩৪

সহযোগিতার সেতুবন্ধন

সন ২০২০ সমগ্র বিশ্ববাসীর মত পশ্চিমবঙ্গবাসীর কাছেও এক অভিশপ্ত বছর। শুরুর দিকে দু'টি মাস বাদে গোটা বছরই কোভিড-অতিমারির গ্রাসে। পশ্চিমবঙ্গবাসীর জন্য এর সাথে যুক্ত হয়েছে 'আমফান' নামক অতিপ্রবল ঘূর্ণিঝড়ের ধ্বংসলীলা।

দেশজুড়ে লকডাউনের জেরে লক্ষ লক্ষ মানুষ যখন জীবিকাহীন, উপার্জনশূন্য – অসহায়, নিরন্ন এবং অসুস্থ মানুষের ন্যূনতম দৈনন্দিন চাহিদা পূরণ করতে সরকারও যখন নানাবিধ পথ খুঁজে চলেছে, তখন বহু স্বেচ্ছাসেবী, সহমর্মী নাগরিক ব্যক্তিগত বা সংঘবদ্ধ উদ্যোগে সেই সমস্ত আর্ত, পীড়িত জনগণের পাশে থাকার অঙ্গীকার নিয়ে এগিয়ে আসেন। পশ্চিমবঙ্গ ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক সমিতিও এই অভূতপূর্ব পরিস্থিতিতে তার চিরাচরিত ঐতিহ্য অনুসারে সহনাগরিকদের প্রতি সহমর্মী ভাবনা-চিন্তার শরিক হয়। ত্রাণ কার্যের একেবারে শুরুতেই রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রীর আবেদনে সাড়া দিয়ে রাজ্য সরকারের কোভিড'১৯ ত্রাণ তহবিলে সমিতির রাজ্য কমিটির পক্ষ থেকে এক লক্ষ টাকা প্রদান করা হয়। পরবর্তীতে সমিতির সিদ্ধান্ত অনুযায়ী জেলাভিত্তিক আলাদা করে ত্রাণ কার্য সম্পাদন করার দায়িত্ব সংশ্লিষ্ট জেলাকমিটিগুলির উপর অর্পণ করা হয়। জেলাকমিটিগুলি অতিদ্রুত তাদের কর্তব্য স্থির করে জেলার সদস্যবন্ধুদের কাছ থেকে তহবিল সংগ্রহের কাজ শুরু করে। সমিতির প্রাথমিক লক্ষ্য ছিল যত বেশি সম্ভব দুঃস্থ মানুষের কাছে পৌঁছে তাদের হাতে সরাসরি ত্রাণ তুলে দেওয়া। জেলাগুলির অপেক্ষাকৃত অনুন্নত ও পিছিয়ে পড়া অঞ্চলগুলি বেছে নিয়ে একাধিক ত্রাণ শিবির অত্যন্ত সাফল্যের সাথে পরিচালনা করে সেই লক্ষ্যমাত্রাই পূরণ করেছে সিংহভাগ জেলা। তারইমধ্যে বেশ কয়েকটি জেলার সদস্য প্রতিনিধি কর্তৃক শিবিরগুলির অভিজ্ঞতা বর্ণন রয়েছে বর্তমান সংখ্যাতে। আর কিছু জেলা লকডাউনের কারণে যাতায়াত সমস্যা ও জেলাতে সেই মুহূর্তে সদস্যদের উপস্থিতির অপ্রতুলতা হেতু হয়তো প্রত্যক্ষ শিবিরের আয়োজন করে উঠতে পারেনি, কিন্তু সংগৃহীত সাহায্য-চাঁদা বিভিন্ন স্বীকৃত স্বেচ্ছাসেবী সংস্থাগুলিকে প্রদানের মাধ্যমে সেই জেলার মধ্যে ত্রাণ বন্টনে পরোক্ষভাবে অংশগ্রহণ করেছে। (এই দুই ধরনের জেলাগুলিতে সংগৃহীত তহবিলের বিবরণ 'ক' টেবিলে দেওয়া হল।)

'ক' টেবিল

ক্রমিক সংখ্যা	জেলার নাম	অর্থের পরিমাণ
১	হাওড়া	৪৭,০০১.০০
২	চব্বিশ পরগণা (দক্ষিণ)	২১৩,৬০১.০০
৩	মেদিনীপুর (পশ্চিম)	৯৭,০০০.০০
৪	মেদিনীপুর (পূর্ব)	৮০,০০০.০০
৫	নদীয়া	১,০৬,৫০২.০০
৬	পুরুলিয়া	৮১,৭৫৪.০০
৭	মুর্শিদাবাদ	৭৭,১৫২.০০
৮	বীরভূম	৫৩,০০০.০০
৯	বাঁকুড়া	৭৬,৫০০.০০
১০	পূর্ব বর্ধমান	৮২,০০০.০০
১১	হুগলি	৬৮,৫০০.০০
১২	চব্বিশ পরগণা (উত্তর)	২৪৬,১৭৮.০০
১৩	দক্ষিণ দিনাজপুর	৪৫,০০০.০০
১৪	উত্তর দিনাজপুর	৫৫,০০০.০০
১৫	জলপাইগুড়ি	১৭,০০২.০০
১৬	কোচবিহার	২০,০০০.০০
১৭	ঝাড়গ্রাম	১৫,০০০.০০
১৮	কোলকাতা	৬৯,৭৫০.০০

এছাড়াও কিছু জেলার সদস্যরা অপরাপর সমিতিগুলির সদস্যবন্ধুদের সাথে একজোট হয়ে সেই জেলায় ত্রাণকার্যে অংশগ্রহণ করেছেন। সমিতির রাজ্য কমিটির প্রাপ্ত তথ্য অনুযায়ী কোভিড তহবিলে এযাবৎ সংগৃহীত ও ব্যয়িত অর্থের পরিমাণ চৌদ্দ লক্ষ পঞ্চাশ হাজার নয়শত চল্লিশ টাকা (১৪৫০৯৪০/-)।

কোভিডকালীন পরিস্থিতির মধ্যেই বাংলার দক্ষিণভাগের উপর তাণ্ডব নৃত্য চালায় অতিপ্রবল ঘূর্ণিঝড় 'আমফান' তছনছ হয়ে যায় মূলত উপকূলবর্তী অঞ্চলগুলি। সমিতির তরফ থেকে ত্রাণ বিতরণ কর্মসূচীর দ্বিতীয় পর্যায়টি শুরু হয় তারই অব্যবহিত পর। রাজ্যের মধ্যে সর্বাধিক ক্ষতিগ্রস্থ দুই চব্বিশ পরগণা জেলার সদস্যরাই মূলত এই কাজে অগ্রণী ভূমিকা গ্রহণ করেন। উত্তরের সন্দেশখালি এবং দক্ষিণের ক্যানিং ও পাথরপ্রতিমা ব্লকগুলিতে তাঁরা সশরীরে ত্রাণ নিয়ে পৌঁছে যান এবং বিলিবন্দোবস্ত করেন স্থানীয় বাসিন্দাদের মধ্যে। বলাবাহুল্য, এই ঘূর্ণিঝড়ে ব্যক্তিগত ঘরবাড়ি, সম্পত্তির ক্ষতি যেমন হয়েছে তেমনি ক্ষতিগ্রস্থ হয়েছে বহু শত সরকারী সম্পত্তিরও যার মধ্যে রয়েছে বহু প্রাথমিক বিদ্যালয়। মাননীয়া মুখ্যমন্ত্রী বিভিন্ন বেসরকারী প্রতিষ্ঠানের কাছে আহ্বান জানিয়েছিলেন এই বিদ্যালয়গুলির পুনর্গঠনের কাজে অংশীদার হওয়ার জন্য। সেই মানবিক আহ্বানে সাড়া দিয়ে সমিতি দুটি জেলা থেকে একটি করে প্রাথমিক বিদ্যালয়কে নির্বাচন করে সেগুলির পুনর্গঠনে সাহায্য করার উদ্দেশ্যে। ব্লকদুটির ভূমি সংস্কার আধিকারিকের প্রত্যক্ষ সহায়তা ও উদ্যোগে সমিতির জেলা কমিটি ও রাজ্য-কমিটির সদস্যরা উত্তরের হিঙ্গলগঞ্জ এবং দক্ষিণের পাথরপ্রতিমা ব্লকের দুটি প্রাথমিক বিদ্যালয়ের পুনর্নির্মাণের জন্য সমিতির তরফ থেকে আড়াই লক্ষ টাকা করে সাহায্য প্রদান করা হয়।

(জেলাগুলি থেকে সংগৃহীত আমফান তহবিলের বিবরণ 'খ' টেবিলে দেওয়া হল)

'খ' টেবিল

আমফান তহবিল (বিদ্যালয় ভবন পুনর্গঠনের উদ্দেশ্যে)

ক্রমিক সংখ্যা	জেলার নাম	অর্থের পরিমাণ
১	মালদা	১২,৬০০.০০
২	হাওড়া	১৫,৪০০.০০
৩	চব্বিশ পরগণা (দক্ষিণ)	৪৭,৩০০.০০
৪	মেদিনীপুর (পশ্চিম)	২২,০০০.০০
৫	মেদিনীপুর (পূর্ব)	২৬,৬০০.০০
৬	দার্জিলিং + কালিম্পং	১৪,০০০.০০
৭	নদীয়া	৪১৯০০.০০
৮	পুরুলিয়া	৫৩,৪০১.০০
৯	মুর্শিদাবাদ	২৭,৯০১.০০
১০	বীরভূম	২৮,৪০০.০০
১১	বাঁকুড়া	৩১,৩৬৩.০০

১২	বর্ধমান (পূর্ব)	৩৯,৮০৭.০০
১৩	বর্ধমান (পশ্চিম)	১৮,৫০০.০০
১৪	হুগলি	৩৬,৩০০.০০
১৫	চব্বিশ পরগণা (উত্তর)	৬২,৪৯৫.০০
১৬	দক্ষিণ দিনাজপুর	২১,৬০০.০০
১৭	উত্তর দিনাজপুর	১৬,৭০০.০০
১৮	জলপাইগুড়ি	২০,৩০০.০০
১৯	কোচবিহার	৭,০০০.০০
২০	ঝাড়গ্রাম	৬,৩০০.০০
২১	কোলকাতা	২৮,১০০.০০
২২	অবসরপ্রাপ্ত সদস্য	২৩,৩০০.০০
	মোট	৬০১২৬৭.০০

সর্বশেষ পাওয়া তথ্য অনুযায়ী বিদ্যালয়দুটির পুনর্গঠনের কাজ শেষ হয়েছে। সেখানকার ভারপ্রাপ্ত শিক্ষক মহাশয় পত্রদ্বারা তাঁর কৃতজ্ঞতাও প্রকাশ করেছেন সমিতির প্রতি। প্রসঙ্গত উল্লেখ্য, যদিও আমফানের ত্রাণের কাজ হয়েছে মূলত দুটি জেলায় – কিন্তু প্রতিটি জেলার সদস্যরা এই মহৎ কাজে অকুন্ঠে তাদের সাহায্যের হাত প্রসারিত করেছেন। এগিয়ে এসেছেন বহু অবসরপ্রাপ্ত সদস্য। এছাড়াও সমিতি তার পাশে পেয়েছে কিছু সদস্যের বন্ধু এবং আত্মীয় পরিজনকে যাঁরা এই মানবিক উদ্যোগে স্বতঃপ্রবৃত্ত হয়ে অংশগ্রহণ করেছেন। এই স্বতঃস্ফূর্ত যোগদানের মাধ্যমে তাঁরা প্রমাণ করলেন গভীর অসুখ থেকে পৃথিবীকে আরোগ্যের পথে নিয়ে যাওয়ার দায় যেমন সমষ্টির, তেমনি সে দায় প্রতিটি ব্যক্তি মানুষেরও।

-সম্পাদক, ভূমিবার্তা

Pandemic & WBLLROA

Dwaipayan Khasnabis

Having spent almost 24 years in service under the L & LR Department of the Government of West Bengal and having been involved deeply with the fraternity of officers in the Department and per chance also having the fortune to serve the West Bengal Land & Land Reforms Officers' Association with a bit of above average business for the last 10-12 years, it often donned upon me that exactly what and where can be the scope of a group of likeminded individuals to come out of the specific sphere of 'trade' and intrude into public life in general and share the ripples in society.

In fact, in customary literature circulated by the Association as also in our Yearly/Biennial Reports. We often pledge to support for the weak and highlight causes for upliftment of the downtrodden which is also the basic tenet of land reforms as conceptualized and implemented. But serving the needy at own endeavour remained elusive.

The Pandemic of Covid-19 followed by the nationwide lockdown and the forced loss of livelihood for the marginals opened the area for direct participation in activities to stand by the lesser fortunate people.

The Association, across the districts of hilly areas, green plains or even dry terrains, woke up to the cause of humanity and directly participated in distribution of rations to the needy or even serving cooked foods in certain cases. Besides, notable contribution went to the established philanthropic institutions for service to the needy through them in their adopted programmers for Covid-19, Across the State, the members of the Association raised Rs. 1450940/- And which were all used up in distribution of food, ration, kits to the needy; the district committees meticulously kept all records and arranged members to visit the camps/locations, who gleefully mixed with the people leaving aside the phobia of the "pandemic". This is what humanity demanded and this is all what community living and sense of fraternity as propagated through Association stand for. It leaves a mark in the legacy.

While the nation was still recuperating from the shock of lockdown, the coastal areas of West Bengal was devastated by the furious "Amphan" storm in the later half of May' 2020. Lots of properties were damaged and at this juncture at the instance of a "call" from the Hon'ble Chief Minister of West Bengal, primarily to the corporate world, for rebuilding some schools in the Sunderban Blocks, Association decided to take up rebuilding two schools at Patharpratima and Hingalganj respectively. Members across State again responded to the "call" of the Association and it is history today that two primary schools viz…Uttar Surendragunj Dakshin Purba Para F.P. School, Patherpratima (G.Plot) and Jogeshgunj F.P. School, Hingagunj have been/is being rebuilt with the financial aid of the West Bengal Land & Land Reforms Officers' Association. Again a legacy has been initiated, it is for the future generation of members to carry forward the commitment towards humanity which only emanates if we feel the pain of the downtrodden in our daily interactions with the common mass while working in Blocks, Sub-divisions, District Head Quarters etc.

Let the spirit of service for the right and noble cause bloom, let us be united righteously and with head held high be responsive to social causes when they arise.

Society is in need of humanity…

কোভিড পরিস্থিতিতে পুরুলিয়া জেলা কমিটির কর্মসূচী

গতিময় জগতকে আকস্মাৎ স্তব্ধ করে দিল অদৃশ্য শত্রু করোনা। অপ্রকাশিত তথ্যে ২০১৯ এর ১৭ নভেম্বর চিনের হুবেই প্রদেশে ৫৫ বছরের এক প্রৌঢ়ের দেহে এর আক্রমণ ঘটে। ক্রমান্বয়ে সারা বিশ্বে এর প্রভাব ছড়িয়ে পড়ে। কোরোনাভাইরাস ডিজিস-২০১৯ (কোভিড-১৯) আক্রান্তের ব্যাপকতায় ১১ মার্চ ২০২০ এটি WHO দ্বারা প্যানডেমিক ঘোষিত হয়। হাঁচি, কাশি, লালা, শ্লেষ্মা মাধ্যমে ছড়িয়ে যাওয়া এই ভাইরাসের আক্রমণ থেকে বাঁচতে বড় সতর্কতা 'দূরত্ব' ও 'মুখাবরণ'। কেন্দ্রীয় সরকারী সিদ্ধান্তে ২০ মার্চ আকস্মাৎ জনতা কার্ফু ডাক – সকলে যে যার গৃহে স্বেচ্ছাবন্দি হয়ে থাকবে। ভালো প্রস্তাব-কেউ ঘর থেকে বের হবে না – মেলামেশার প্রশ্ন নেই – ভাইরাসও ছড়াতে পারবে না। এরপর নেমে এল করোনা থেকেও বিভীষিকা হয়ে ওঠা কিছু মানুষের কাছে – 'লকডাউন'। কমপ্লিট লকডাউন। বন্ধ সমস্ত যান চলাচল। যে যেখানে ছিল সে সেখানেই আটকে পড়ল। বাড়ি থেকে শ-হাজার মাইল দূরে কাজ করা দিনমজুর শ্রমিকদের একটা বিরাট খাদের সামনে দাঁড় করিয়ে দিল 'সবকা সরকার'। আজ এই হিংসাত্মক, আত্মকেন্দ্রীক, স্বার্থান্বেষী জগতেও মানবতার আই সি ইউতে অবস্থান হলেও সে জীবিত। সরকারি অবিমৃশ্যকারী সিদ্ধান্তে মুশকিলে পড়া শত বুভুক্ষু মুখে অন্ন তুলে দিতে অনেক ব্যক্তিগত, সমষ্টি বা দলগত প্রয়াস দেখা দিল।

পশ্চিমবঙ্গের পশ্চিমে পিছিয়ে পড়া পুরুলিয়াতেও লোধা-শবর-কুর্মি ইত্যাদি জনজাতি এই অবস্থায় যে বিরাট অসহায়তার সম্মুখীন হয়, তাদের পাশে নিজেদের সাধ্যমত এগিয়ে আসে পুরুলিয়ায় কর্মরত রাজস্ব আধিকারিকদের সংগঠন WBLL-ROA। কোথাও সরাসরি, কোথাও কোনো সেবামূলক সংস্থার মাধ্যমে খাদ্য-সাবান-মাস্ক ইত্যাদি সামগ্রী পৌঁছে দেওয়া হয় সেই প্রান্তিক দুশ্চিন্তাগ্রস্থ কম্পমান হাতে-তাদের মুখে হাসি ফোটাতে। যে কোনোরকম দুরবস্থায় WBLLROA মানুষের সাহায্যে এগিয়ে এসেছে এবং আসবে। এটা সম্ভব হয় সকল সভ্যের স্বতঃস্ফূর্ত অবদানের মাধ্যমে। কেউ কেউ ব্যক্তিগত প্রয়াসে কিছু করলেও যখন DS আমাদের সাংগঠনিকভাবে এগিয়ে আসার আহ্বান জানালেন তখন WBLLROA পুরুলিয়া জেলার সভ্য-আধিকারিকবৃন্দ এই সাধু উদ্যোগের পালে আরো জোরালো হাওয়া জোগালেন। ডিজিটাল মাধ্যমে এই সাহায্য একত্রিতভাবে সংগ্রহ করতে থাকলেন শ্রী অভিজিৎ দাস, যিনি ঘটনাক্রমে বর্তমানে পুরুলিয়ার অধিবাসী। RO,SRO-II, SRO-I মিলে ৮৫ জন আধিকারিকের নিকট থেকে সংগৃহীত মোট অনুদানের পরিমাণ দাঁড়ায় ৮১৭৫৪ টাকা। পুরুলিয়া জেলার বাইরের কয়েকজন আধিকারিকও আমাদের মাধ্যমে এই হিতকার্যে যোগ দিয়েছিলেন –বর্তমান তাদের কারো পোস্টিং আসানসোল, ATM,, হুগলি, পশ্চিম বর্ধমান, জলপাইগুড়ি কিংবা হাবড়া। আমাদের কৃতজ্ঞতার ভাষা নেই। আনাড়া নেতাজি সংঘ প্রাঙ্গনে প্রায় ২০০ জন দলিত, দিব্যাঙ্গ ও মহিলাদের কাছে পৌঁছায় আমাদের সমিতির তরফে শ্রী অভিজিৎ দাস এবং শ্রী শান্তনু প্রধান। আমাদের শ্রদ্ধেয় অগ্রজ অঞ্জন দা, প্রদীপ দা অযোধ্যা পাহাড়ে অনাথ তপশীলী উপজাতি ছেলে মেয়েদের হোম-পুরুলিয়া ধরতী মার্শাল সোসাইটি সম্পর্কে অবগত করেন – সেখানেও সমিতি সম্পাদকের হাতে চেক তুলে দেয়। পুরুলিয়া ১ ব্লকেও হতদরিদ্র আদিবাসী গ্রামেও পৌঁছায় সমিতি তার ক্ষুদ্র সামর্থ্য নিয়ে। গবাদী পশু-কুকুর এদের কথাও মাথায় রেখে যতটা সম্ভব সাহায্য করা হয়। আরশা ব্লকে তিনটি সাঁওতাল অধ্যুষিত গ্রামেও আদিবাসীদের হাতে সামগ্রী তুলে দেওয়া হয়। রঘুনাথপুরে শ্রী সুভাশিষ রায় এবং পুরুলিয়াতে শ্রী ওয়াশিকুর রহমান ও ঝালদাতে শ্রী অমিতাভ সেনগুপ্ত সক্রিয় ভূমিকা নিয়েছিলেন এই কর্মকান্ডে। এখানে কাউকে কৃতজ্ঞতা জানানোর ভাষা নেই। সর্বোপরি সকলের স্বতঃস্ফূর্তভাবে বাড়িয়ে দেওয়া হাত, অনেক পরিবার থেকে দূর করেছে দুশ্চিন্তাগ্রস্থ রাত। আমরা আশা রাখবো ভবিষ্যতে আরো বেশি করে জনহিতকর কাজে এগিয়ে আসব, WBLLROA কে আরও সমৃদ্ধশালী করব। সাধারণ মানুষ এই অবস্থা থেকে বেরিয়ে এসে স্বাভাবিক জীবন শুরু করুন। এই কামনা করি।

অভিজিৎ চক্রবর্তী

রাজস্ব আধিকারিক

লকডাউন ত্রাণ বিলি-বাঁকুড়া জেলা কমিটির উদ্যোগ

পরিস্থিতি আমাদের কোথায় নিয়ে যেতে পারে এবং কী করাতে বাধ্য করতে পারে তার একটি প্রকৃষ্ট উদাহরণ হয়ে থাকল কোভিড-১৯ নামক ভাইরাস এবং তার থেকে ছড়িয়ে পড়া এক মহামারী। মার্চ মাসের চতুর্থ সপ্তাহ থেকে করোনার আতঙ্কে সারা দেশ তালাবন্দী হল। সেই বন্দীদশা আজও অল্পবিস্তর বিদ্যমান। এই তালাবন্দী বা লকডাউনের যৌক্তিকতা তথা সার্থকতা নিয়ে যথেষ্ট মতপার্থক্য আজও আছে। শুধু করোনাতেই তটস্থ রাজ্যের পরিস্থিতিকে আরও জটিল করতে এর পর-পরই মে মাসের শেষবেলায় হাজির হয় ঘূর্ণিঝড় আম্ফান। সব মিলিয়ে এই গৃহবন্দী, কর্মহীন, দুর্যোগপূর্ণ অবস্থা আমাদের আশে পাশের খেটে খাওয়া মানুষগুলির দৈনন্দিন জীবন যাত্রাকে যে দুর্বিসহ করে তুলেছে সে ব্যাপারে কোন সন্দেহ নেই। এমতপরিস্থিতিতে পশ্চিমবঙ্গ ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক সমিতি সারা রাজ্য জুড়ে এইসমস্ত দুঃস্থ মানুষের মাঝে যথাসাধ্য সহায়তা পৌছানোর সামাজিক কর্মসূচী নেয়। এই সামাজিক কর্মসূচীর অংশ স্বরূপ বাঁকুড়া জেলা কমিটির উদ্যোগে বিগত ১৯শে এপ্রিল তারিখে কোভিড-১৯ নামক একটি তহবিল গঠন করা হয়, যাতে এপর্যন্ত ৭৬,৫০০/- টাকা অনুদান জমা হয়। এই পরিমাণ অর্থ সাহায্য থেকে চার পর্যায়ে ত্রাণ বিতরণ করা হয়েছে। পরিশেষে ৭,৬৬৩/- টাকা এখন এই তহবিলে অবশিষ্ট আছে।

প্রথম পর্যায়

তারিখ :- ২৫শে মে ২০২০

স্থান :- বাঁকুড়া সদর সাব-ডিভিশন অন্তর্গত বাঁকুড়া-১ ব্লকের নমোপাড়া ধোবারগ্রাম।

সাহায্য প্রাপ্ত পরিবারের সংখ্যা :- ২৯টি আদিবাসী সম্প্রদায় ভুক্ত পরিবার।

সামগ্রী :-প্রতি ব্যাগে চাল, আটা, ছাতু, ডাল, চিড়ে, তেল, নুন, চিনি, সয়াবিন, আলু, পেঁয়াজ, হলুদ, জিরে, বিস্কুট, সাবান ইত্যাদি সর্বমোট ১৫টি সামগ্রী।

উপস্থিত ছিলেন :- কৌশিক পাল (জেলা কোষাধ্যক্ষ), প্রনবেশ প্রধান, শান্তনু ঘোষ, সোমনাথ ঘোষ এবং অর্ণব মন্ডল (জেলা সম্পাদক)।

দ্বিতীয় পর্যায় :-

তারিখ:- ৩০শে মে ২০২০

স্থান:-বিষ্ণুপুর সাব-ডিভিশন অন্তর্গত সোনামুখী ব্লকের যশড়া গ্রাম।

সাহায্য প্রাপ্ত পরিবারের সংখ্যা:- ৯৮টি গরীব দুঃস্থ পরিবার।

সামগ্রী:-প্রতি ব্যাগে সুজি, ছাতু, ডাল, চিড়ে, তেল, নুন, চিনি, সয়াবিন, আলু, পেঁয়াজ, হলুদ, জিরে, বিস্কুট, সাবন সর্বমোট ১৪টি সামগ্রী।

উপস্থিত ছিলেন:- ফাল্গুনী সতপতি, কৌশিক পাল (জেলা কোষাধ্যক্ষ), প্রনবেশ প্রধান, শান্তনু ঘোষ, সোমনাথ ঘোষ এবং অর্ণব মণ্ডল (জেলা সম্পাদক)।

বিশেষ অতিথি:- জয়শ্রী সতপতি।

তৃতীয় পর্যায়:-

তারিখ:- ১৩ই জুন ২০২০।

স্থান:-খাতড়া সাব-ডিভিশন অন্তর্গত হিড়বাঁধ ব্লকের যশড়া গ্রাম।

সাহায্য প্রাপ্ত পরিবারের সংখ্যা:- ৩৭টি গরীব দুঃস্থ পরিবার।

সামগ্রী:-প্রতি ব্যাগে ডিম, সুজি, ছাতু, ডাল, চিঁড়ে, তেল, নুন, চিনি, সয়াবিন, আলু, পেঁয়াজ, হলুদ, জিরে, বিস্কুট, সাবান, সর্বমোট ১৫টি সামগ্রী বিতরণ করা হয়। উপস্থিত ছোট ছোট ছেলে মেয়েদের জন্য চকোলেটেরও ব্যবস্থা করা হয়েছিল।

উপস্থিত ছিলেন:- তন্ময় দত্ত (সহকারী সম্পাদক, রাজ্য সম্পাদকমন্ডলী), নীলকমল সেন (সদস্য, রাজ্য কার্যনির্বাহীমন্ডলী), কৌশিক পাল (জেলা কোষাধ্যক্ষ), মানস গুছাইত, সোমনাথ ঘোষ এবং অর্ণব মণ্ডল (জেলা সম্পাদক)।

বিশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন:-দেবব্রত চ্যাটার্জী।

চতুর্থ পর্যায়:-

তারিখ:- ২৮শে জুন ২০২০।

স্থান:-বাঁকুড়া সদর সাব-ডিভিশনের গঙ্গাজল ঘাঁটি ব্লকের কাপিষ্ঠা গ্রাম পঞ্চায়েত অন্তর্গত কালনাপুর মাধবপুর গ্রাম।

সাহায্য প্রাপ্ত পরিবারের সংখ্যা:- একটি গরীব দুঃস্থ পরিবার।

সামগ্রী:-৫০০০/-টাকা আর্থিক সহায়তা এবং একটি ব্লাড ডোনার কার্ড (যার মেয়াদ ২০২১ সালের জানুয়ারী পর্যন্ত)

উপস্থিত ছিলেন:- সুকল্যান মান্না।

বিশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন:-অঞ্জন ঘোষ এবং দেবব্রত চ্যাটার্জ্জী

সংক্ষিপ্ত বিবরণ:- এই পর্যায়ে সমষ্টির পরিবর্তে ব্যক্তিকে সহায়তা করার সিদ্ধান্ত নেওয়া হয়। বিগত ২৬শে এপ্রিল ২০২০ তারিখে আনন্দবাজার পত্রিকায় প্রকাশিত প্রতিবেদনে কালনাপুর মাধবপুর গ্রামের বাসিন্দা শ্রীমতী আন্না মন্ডলের দুরবস্থা সম্পর্কে আমরা অবহিত হই। সেই উদ্দেশ্যে শ্রীমতী মন্ডল ও উনার থেলাসেমিয়া আক্রান্ত ছেলে ঋককে আর্থিক সহায়তা তথা একটি ব্লাড ডোনার কার্ড দিয়ে সমিতির পক্ষ থেকে সহায়তা করা হয়।

পরিশেষে এই সমস্ত প্রান্তিক মানুষজনের খুশি মুখের ছবিই আমাদের সবচেয়ে বড় পাওয়া। তার সাথে সকলকে অসংখ্য ধন্যবাদ জানাই আমাদের এই প্রচেষ্টায় সাথে থাকার জন্যে, পাশে থাকার জন্যে। জেলা নির্বিশেষে বহু সদস্য বন্ধুর অনুদানের ফলশ্রুতি স্বরূপ এই ত্রাণকার্য আমাদের সমিতির প্রতি সদস্যের ভালবাসা এবং সাধারণ মানুষের প্রতি তাদের দায়বদ্ধতাকে বারে বারে প্রমাণ করে এসেছে ও ভবিষ্যতেও করে যাবে।

ধন্যবাদান্তে,

অর্ণব মণ্ডল

(জেলা সম্পাদক, বাঁকুড়া জেলা শাখা)

"করোণা ত্রাণে জলপাইগুড়ি"

১৭ই মে, ২০২০

জলপাইগুড়ি

বিগত ১৭ই মে ২০২০ জলপাইগুড়ি শহর লাগোয়া 'মুন্ডা' বস্তিতে ২০০টি আদিবাসী পরিবারের হাতে চাল, ডাল, আলু, সব্জী, সাবান, মাস্ক, তেল, বিস্কুট, সোয়াবিন, আদা, নুন ইত্যাদি খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। আগের দিন এলাকায় গিয়ে স্থানীয় একটি ক্লাবের সহায়তায় বাড়ি বাড়ি গিয়ে কুপন বিলি করে আসা হয়। ১৭ই মে সকাল দশটা থেকে ত্রাণ সামগ্রী বিলি করা শুরু হয়। প্রত্যেককে সুশৃঙ্খলভাবে, দূরত্ব বজায় রেখে লাইন করে একে একে খাদ্য সামগ্রীর ব্যাগ হাতে তুলে দেওয়া হয়। প্রথমে তাদের হাত স্যানিটাইজার দিয়ে শোধন করে নেওয়া হয়, তারপর অত্যন্ত সুচারুভাবে ২০০টি আদিবাসী পরিবারের প্রতিনিধির হাতে ত্রাণ তুলে দেওয়া হয়।

এর আগেও সকল সদস্যদের কাছ থেকে অর্থ সংগ্রহ করে রামকৃষ্ণ মিশন জলপাইগুড়ি শাখায় মোট ১৭০০০/- টাকা দান করা হয়।

পারিজাত বসু

সম্পাদক

জলপাইগুড়ি শাখা

কোভিডকালে উত্তরদিনাজপুর জেলা কমিটির প্রয়াস

পশ্চিমবঙ্গ ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক সমিতির উত্তর দিনাজপুর জেলা কমিটির সকল সাধারণ সদস্যের উদ্যোগে ও রাজ্য কমিটির আন্তরিক সহযোগিতায় গত ইংরেজি ১০ই মে,২০২০ তারিখে কালিয়াগঞ্জ ব্লক এর বিভিন্ন গ্রামে ১১০ টি হতদরিদ্র আদিবাসী পরিবারকে নিত্য প্রয়োজনীয় সামগ্রী প্রদান করা হয় এবং ১৩ ই জুন ২০২০ তারিখে হয়েছে ঐ জেলারই করণদিঘী ব্লকের বিভিন্ন গ্রামের ১২৫ টি অতিদরিদ্র পরিবারকে চিহ্নিত করে তাদের হাতে কয়েকটি অতি প্রয়োজনীয় জিনিসের প্যাকেট তুলে দেওয়া হয়।

উক্ত অনুষ্ঠান দুটিতে সংগঠনের জেলা সম্পাদক ও জেলা কমিটির বিভিন্ন সদস্য- বিদ্যুৎ কুমার মাঝি, শুভদীপ প্রসাদ, রূপক কর্মকার, কৈলাস সরকার প্রমুখ উপস্থিত ছিলেন। করোনাভাইরাস এবং লকডাউন এর কারণে মানুষ যখন গৃহবন্দি হয়ে দিশাহারা ঠিক তখনই বিচ্ছিন্ন যোগাযোগ ব্যবস্থা ও সংক্রমনের সকল আশঙ্কাকে উড়িয়ে দিয়ে সমিতির সদস্যদের নেওয়া এই স্বতঃস্ফূর্ত উদ্যোগ একদিকে সমাজের দরিদ্রতম কতিপয় মানুষের দুঃখ দুর্দশা কিছুটা লাঘব করার পাশাপাশি যদি কতিপয় অপরাপর সংগঠন বা সাধারণ মানুষকে সেবাব্রতে উৎসাহী করে তুলতে পারে তাহলেই আমরা নিজেদের এই কর্মসূচীকে সফল বলে মনে করব।

শংকর সাহা

জেলা সম্পাদক

করোনাত্রাণে বীরভূম জেলা কমিটি

পশ্চিমবঙ্গ ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক সমিতির বীরভূম জেলা কমিটির পক্ষ থেকে করোনা কবলিত লকডাউন এর কঠিন পরিস্থিতির মধ্যে সমিতির বিগত ঐতিহ্যের কথা স্মরণ রেখে দুটি পৃথক দিনে চিহ্নিত কিছু দুঃস্থ পরিবারের সদস্যদের কাছে করোনা ত্রাণ সামগ্রী পৌঁছে দেওয়া হয়।দুটি ক্ষেত্রেই মূলত বোলপুর মহকুমা থেকে এই উদ্যোগ নেওয়া হয়। প্রথমটির আয়োজন করা হয় 16 ই মে বোলপুর ব্লকের সিয়ান অঞ্চলে। 55টি দুঃস্থ পরিবারের প্রতিটি কে একটি 400 টাকা মূল্যের প্রয়োজনীয় সামগ্রীর প্যাকেট তুলে দেওয়া হয়। বীরভূম জেলার সদস্যদের স্বতঃস্ফূর্ত যোগদানে সর্বসাকুল্যে 53 হাজার টাকা সংগৃহীত হয় যা ত্রাণ সামগ্রী ও গাড়ি ভাড়া সহ দুটি পর্বে খরচ করা হয়।দ্বিতীয় পর্বে বেছে নেওয়া হয় রূপপুর অঞ্চলের 100টি আদিবাসী পরিবারকে। চাল,মসুর ডাল, সয়াবিন,ছাতু,সরষের তেল,নুন,চিনি ও সাবান সম্বলিত প্যাকেট তুলে দেওয়া হয় প্রতিটি পরিবারের হাতে।দিনটি ছিল 31শে মে। পরিবারপিছু ধার্য ছিল 290 টাকা। দুই পর্বে উপস্থিত ছিলেন সদস্য বন্ধু জয়দীপ রুদ্র, সঞ্জয় রায়, আনন্দিতা রায়চৌধুরী, নীলকমল কর এবং হীরক মহান্তি। আগামী দিনেও যেকোনো প্রতিকূল অবস্থায় প্রিয় সমিতির প্রেরণায় একই রকম সঙ্ঘবদ্ধ হয়ে মানুষের পাশে দাঁড়ানোর জন্য অঙ্গীকারবদ্ধ বীরভূম জেলা কমিটি।

আনন্দিতা রায় চৌধুরী

বিশেষ রাজস্ব আধিকারিক-২

"মানুষ বড় কাঁদছে, তুমি মানুষ হয়ে পাশে দাঁড়াও".....

"কেন শুধু শুধু ছুটে চলা, একই একই কথা বলা নিজের জন্য বাঁচা নিজেকে নিয়ে?

যদি ভালবাসা নাই থাকে, শুধু একা একা লাগে, কোথায় শান্তি পাব, কোথায় গিয়ে? বলো কোথায় গিয়ে?"

এসব প্রশ্ন সবসময় ঘুরপাক খায় মনের মধ্যে। তাই স্বপ্ন দেখার জন্য চোখ পাতি। আমরা ছুটে যাই মানুষের কাছে।

আমরা মনে পশ্চিমবঙ্গ ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক সমিতির উত্তর ২৪ পরগনা জেলা কমিটি। লকডাউনের দিনগুলিতে না খেতে পাওয়া মানুষের কান্না আমাদের চোখ ভিজিয়ে দিয়েছিল। তাই নিজেদের মত করে আমরা ছুটে গিয়েছিলাম মানুষের পাশে। অনেকটা কোভিডের ভয় তুচ্ছ করেই।

সবসময় পারিনি নিজেরা সামনে দাঁড়াতে। তখন যারা দল বা ধর্মের পতাকা ছুঁড়ে ফেলে মানুষের পাশে ছিলেন ভরসা দিয়েছি তাঁদেরই। এই কাজে দু'হাত বাড়িয়ে দিয়েছেন সমিতির সদস্যরা। তাই মাত্র তিনমাসে আমরা সংগ্রহ করেছিলাম প্রায় আড়াই লক্ষ টাকা। সদস্যরা ছাড়াও আমাদের বহু শুভাকাঙ্খী আমাদের দিকে বাড়িয়ে দিয়েছিলেন সহযোগিতার হাত। আমরা আন্তরিক ভাবেই তাঁদের কাছে কৃতজ্ঞ আমাদের প্রতি আস্থা রেখেছেন বলে। করোনার গোদের উপরেই বিষফোঁড়ার মত এসেছিল আমফানের অভিশাপ। আমরা থামিনি। আমরা ছুটে গিয়েছিলাম জেলার প্রান্তিক মানুষের কাছে। হিঙ্গলগঞ্জ, সন্দেশখালির নদীমাতৃক গ্রামে আমরা গিয়েছিলাম আমাদের ভালোবাসা নিয়ে। হয়তো ওঁদের সব চাহিদা আমরা মেটাতে পারিনি, সাধ থাকলেও তেমন সাধ্য আমাদের ছিল না। তবু মানুষের কান্নার পাশে দাঁড়াতে পেরেছি বলে মানসিক শান্তি পেয়েছিলাম। বুঝেছিলাম শান্তি এখানেই..."বলো কি তোমার ক্ষতি? জীবনের অথৈ নদী/পার হয় তোমাকে ধরে, দুর্বল মানুষ যদি?"...

এই শান্তির সুলুক পেতে আমরা ছিলাম কমিউনিটি কিচেনের রান্না ঘরেও। লক ডাউনের সময় দেখেছি চাল ডাল তেল পেয়েও রান্না করার সংস্থান নেই বহু মানুষের। পথের ধারে, রেলের প্লাটফর্মে যাদের বাস কিংবা পথেই কাটে যে ভবঘুরের জীবন তাদের মুখে ডাল ভাত তরকারি তুলে দিতে পেরে আমরা অসীম তৃপ্তি পেয়েছি। বারাসাতের বনমালিপুর ফাইভ স্টার ক্লাব সংলগ্ন জনা তিরিশেক যুবকের পাশে দাঁড়িয়ে আমরা সব ধর্মের মানুষের মধ্যেই খুঁজেছি ঈশ্বর। একই পংক্তিতে বসতে দেখেছি রাম রহিম আর যীশুকে।

আমফানে চাল উড়ে যাওয়া দুটি বিদ্যালয়ের সংস্কারের জন্য আমরা আর্থিক সহযোগিতা তুলে দিয়েছি রাজ্য কমিটির হাতে। ফলাও করে এসব নিয়ে নিজেদের মুখে নিজেদের কথা বেশি বললে "আত্মাভিমানের মদ" এসে আমাদের ...গিলে নিতে পারে। এমনকি যাঁদের জীবন আর যাপনকে রক্ষা করার জন্য আমাদের ছুটে যাওয়া, অসম্মানিত হতে পারেন তাঁরাও। কারণ, "মানুষকে সকলের চেয়ে নত করিবার উপায় তাহার হিত করা অথচ তাহাকে প্রীতি না-করা" (রবীন্দ্রনাথ)। তাই তাঁদের প্রতি আমাদের বিনম্র ভালোবাসা দিয়ে এই বক্তব্য শেষ করলাম।

-বিশ্বজিত দাস

রাজ্যস্ব আধিকারিক

উঃ চব্বিশ পরগণা জেলা

করোনা সংকটকালে পশ্চিম মেদিনীপুর জেলা কমিটির কর্মযজ্ঞের একটি সংক্ষিপ্ত মূল্যায়ন

মহাকালের গর্ভে যে নিযুত ঘটন-অঘটনের সম্ভার প্রতিনিয়ত অনির্দিষ্টকালের জন্য সঞ্চিত হয় তারই মধ্যে দুএকটি আমাদের সমষ্টি জীবনে দীর্ঘমেয়াদি ইতিবাচক অথবা নেতিবাচক প্রভাব রেখে যায়। ইতিহাস সযত্নে এই ঘটনা সকলকে বক্ষে ধারণ করে আমাদের সমষ্টি মননকে চেতনার উচ্চতর স্তরে উন্নীত করে। করোনা অতিমারির এই মহাসংকট কালে একাধারে আমরা দেখেছি বিশ্বব্যাপী অগণিত মৃত্যু পুঁজি ও বাজার পরিচালিত উৎপাদন ব্যবস্থার মর্মান্তিক সীমাবদ্ধতা, বীমা ব্যবস্থার আড়ম্বরের আবডালে তথাকথিত উন্নত বিশ্বের বেহাল স্বাস্থ্য পরিকাঠামো, অসংগঠিত ক্ষেত্রের লক্ষ লক্ষ শ্রমজীবী মানুষের বুভুক্ষু মিছিল। অন্যদিকে আত্মপ্রকাশ করেছে এই মহাসংকটের সাথে সম্মুখ সমরে অবতীর্ণ হওয়া শ্রমজীবী মানুষের অদম্য প্রাণশক্তি। পরিকাঠামোর অপ্রতুলতার মধ্যে দাঁড়িয়ে আমাদের চিকিৎসক-নার্স, অন্য হাজার হাজার স্বাস্থ্যকর্মী, আমাদের পুলিশ, প্রশাসন, প্রচারের বৃত্তের বাইরে দাঁড়িয়ে সেবা প্রদানে তৎপর অসংখ্য ক্লাব, অসরকারি প্রতিষ্ঠানের হৃদয়াবেগ, মানুষের পাশে দাঁড়ানোর আকাঙ্ক্ষা।

এই প্রেক্ষাপটেই পশ্চিমবঙ্গ ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক সমিতির সদস্যদের দ্বারা সংঘটিত জেলায় জেলায় অনুষ্ঠিত হওয়া বিভিন্ন কর্মকাণ্ড খানিক মূল্যায়নের দাবি রাখে। মাসের-পর-মাস চলতে থাকা লকডাউন, সোশ্যাল ডিসট্যান্সিং ইত্যাদি অগণিত প্রতিকূলতার মধ্যে দাঁড়িয়ে সমিতির আধিকারিকেরা শুধুমাত্র হৃদয়াবেগ অবলম্বন করে অসহায় মানুষের পাশে ছুটে গেছেন সংক্রমনের ভয়কে উপেক্ষা করে। পশ্চিম মেদিনীপুর জেলার সমিতির সভাপতি, সাধারণ সম্পাদকসহ অপরাপর সদস্যরা সমাজ মাধ্যমে আবেদন করেন বিভিন্ন জেলায় গৃহবন্দি হয়ে থাকা সভ্যদের তাদের কর্মভূমির প্রতি সামাজিক দায় পালনের; চলতে থাকে অর্থ সংগ্রহ। সাগ্রহে এগিয়ে আসেন এই সমিতির অসংখ্য কর্মরত এমনকি অবসরপ্রাপ্ত আধিকারিকেরাও। সমিতির সভ্য নন এমন কয়েকজন শুধুমাত্র মানবিকতার টানেই সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন, সমিতির পক্ষ থেকে তাদেরও সংগ্রামী অভিনন্দন জানাচ্ছি।

সমিতির অকুতোভয় সদস্য মানসদা, সৌমেন দত্তদা দের অক্লান্ত পরিশ্রমে একের পর এক কর্মকাণ্ড চলতে থাকে। চৌরঙ্গী মোড়ে পরিযায়ী শ্রমিকদের মধ্যে খাদ্য বিতরণ কর্মসূচি, মেদিনীপুর সদর হাসপাতালে খাদ্য বিতরণ কর্মসূচি, খড়গপুর ১ ব্লকের অন্তর্গত ট্যাংরাশোলে খাদ্য সামগ্রী বিতরণ,ওই একই ব্লকের অন্তর্গত অন্যান্য স্থানে খাদ্য সামগ্রী বিতরণ, বিভিন্ন স্কুলে চারা গাছের বিতরণ ইত্যাদি। মেদিনীপুর এম্বুলেন্স অ্যাসোসিয়েশনের হাতে তুলে দেওয়া হয় 25 টি পিপিই কিট।

অতিমারির সর্বগ্রাসী প্রকোপ আজ খানিক হলেও প্রশমিত। বিজ্ঞানী- গবেষকদের নিরলস প্রচেষ্টার পরিণামে আবিষ্কৃত হয়েছে করোনার একাধিক প্রতিষেধক। দেশে দেশে সরকারি, বেসরকারি ব্যবস্থাপনায় চলছে টিকাকরণ কর্মসূচি। ভারতবর্ষেও কেন্দ্র ও রাজ্য সরকারি উদ্যোগে দ্রুতগতিতে পরিচালিত হচ্ছে টিকাকরণ কর্মসূচি। প্রাত্যহিক সংক্রমণের হার কমেছে অনেকটা। এরই মধ্যে অনুষ্ঠিত হচ্ছে পশ্চিমবঙ্গ বিধানসভার সপ্তদশ নির্বাচনযজ্ঞ। আর এই সকল ঘটনার আবর্তে দাঁড়িয়ে পশ্চিমবঙ্গ ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক সমিতির একজন সদস্য-আধিকারিক হিসাবে সমিতির সংগ্রামের ইতিহাসকে কুর্নিশ জানানোর মানসেই এই সংক্ষিপ্ত অবতারণা।

সৌমেন দাস

রাজস্ব আধিকারিক

লকডাউনে পূর্ব মেদিনীপুর জেলায় ত্রাণ বিতরণের বিবরণ

করোনা সম্পর্কিত উদ্ভুত অতিমারী পরিস্থিতিতে দুঃস্থ মানুষের পাশে থাকার অঙ্গীকার করা পশ্চিমবঙ্গ ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক সমিতির নির্দেশিত পথে সমিতির পূর্ব মেদিনীপুর জেলা শাখা ত্রাণ সংগ্রহ করতে নেমেছিল। আমরা গর্বিত এবং আন্তরিকভাবে কৃতজ্ঞ আমাদের বর্তমান ও প্রাক্তন সদস্যদের প্রতি যাদের অকুন্ঠ সহযোগিতায় আমরা সব মিলিয়ে ৮০ হাজার টাকা সংগ্রহ করতে পেরেছিলাম।

এই ৮০ হাজার টাকা সঠিক ব্যবহারের জন্য আমরা বেছে নিয়েছিলাম তিনটি ভিন্ন ক্ষেত্র।

প্রাথমিকভাবে আমরা ৩০ হাজার টাকা ত্রাণ ভারত সেবাশ্রম সংঘের মহিষাদল শাখার হাতে তুলে দিয়েছি। এবং সাথী হয়েছি পূর্ব মেদিনীপুরের দুটি গ্রামে অন্ন সেবা কার্যক্রমে।

দ্বিতীয়স্তরে করোনা যোদ্ধাদের কুর্নিশ জানিয়ে ও তাদের সুরক্ষার কথা মনে রেখে, সুরক্ষা সরঞ্জাম সহ অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী কেনার জন্য জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যান সমিতির তহবিলে ২৫ হাজার টাকা জেলা মুখ্য জনস্বাস্থ্য আধিকারিকের হাতে তুলে দেওয়া হয়।

এবং সর্বশেষ প্রচেষ্টা হিসাবে জেলাশাসকের হাতে তুলে দেওয়া হয় আরও ২৫ হাজার টাকা, মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে দান করার জন্য।

অভিজিৎ চক্রবর্তী

রাজস্ব আধিকারিক

RELIEF PROGRAMMES UNDERTAKEN BY SOUTH 24 PARGANAS DISTRICT COMMITTEE

The journey of WBLLROA across four decades has been an enterprising one to say the least. It has taught us to abide by the obligations and commitments we have towards our society. Standing by the repressed and distressed – be it for some socio-political upheavals or for some natural calamities. WBLLROA has always been a torchbearer. The call of humanity has not only made WBLLROA to hit the streets joining hands with the commoners exhibiting protests but also to respond with relief to places as and when required.

The present-day calamity on the entire human race inflicted by the Novel Corona virus pandemic is sweeping across the globe has had its impact on our state as well. The Covid-19 rampage has surpassed the devastation of all previous catastrophes in terms of its aftermath and the far-reaching effects. With the scenario getting worse, we, the members of South 24 Parganas District Committee unanimously pioneered setting up of a “Special Coronas Relief Fund” in our district. The phase-I of our relief programme was reflection of our initiative for the Covid-19 affected people.

Before any answers for the Covid-19 could be found, parts of our state got battered by the onslaught of devasting cyclonic storm – Amphan. Sundarbans were left gasping for breath under its jolt and widespread vandalization. This fragile state of affairs depicting extensive damage of property which jeopardized lives of thousands demanded an immediate initiative – it diverted our relief schedule as we further undertook some relief operation – this time for the cyclone hit people of the Sundarban area which ultimately culminated in our Phase-II and Phase-III relief activities. The Final Phase or the Phase-IV involved participating in the endeavor of the Central Committee of our Association which involved contributing to the cause of refurbishment of an Amphan battered school in G-plot in Patharpratima block.

It is pertinent to mention here that all social distancing norms along with other regulations as was in force owing to the outbreak of the novel Corona virus was strictly followed and maintained by our fellow members participating in the said relief works.

Phase I : Mission Ramakrishna Mission

Nationwide Lockdown had earlier crippled the prospect of in situ relief distribution amongst the Covid-19 affected people. Circumstances prompted us to collect donation through Online Transaction. An overwhelming response from the members of South 24 Parganas along with assistance from some members not pertaining to our district helped us to collect 1,12,000 INR. Though online collection of funds might sound easier but it was actually the other way around. But despite of technical barriers faced by certain members regarding submission of funds, other members came forward to bail them out of the impediment – kudos to the Team Effort from members of our district!

Unanimous approval from our members made us to donate the raised sum to none other than Ramkrishna Mission, Narendrapur – the institute renowned for working at ground level. Later on, the RKM authorities conveyed us through some photographic evidence about the optimal utilization of our donated fund by distributing aid among the deprived.

Phase II : The Bhangankhali Assignment under Basanti block

It was time to hit the field and check the ground reality! Cyclone Amphan has had its deepest impact on the Sundarban adjoining areas of the State and Canning block was no exception. After consulting a gamut of NGOs, Samaj Unnayan Kendra, a Baruipur based NGO was zeroed in on – matching with our modus operandi being the principal factor working in their favour as our choice. The said NGO had identified about 90 Amphan hit families along the embankment of river Matla whose lives were in total tatters. We decided to go ahead with this noble cause. Items listed for distribution included Tarpaulin, Satoo, Batasha,

ORS, Sanitary Napkins, Biscuits, Soaps and Drinking water pouch. Also the proposal to give away some old clothes in new conditions along with the relief materials turned out to be a wonderful idea. Notwithstanding the sultry sun and extreme humidity, we went about our task by visiting nearly every household in the vicinity of our distribution point and dispensed with the relief materials to the deserving families. Though challenging weather condition was taking its toll on us but the spectacle of the plight of living conditions of those people was more telling and unsettling than our discomfort. The rampant storm had left no stone unturned to turn lives of people into wreak. We may not have been able to satisfy every need of those families but surely could manage to mollify their expectations to a greater extent. Those pleased faces definitely sent this message. As we were hitting the fag end of our endeavor, the unforgiving sun had become complaisant; the hostile winds had relented and got cooler. We spend some precious time by the river to get our breath back. Our members' officer and BL&LRO Sri Sankar Panja had accompanied us all through and was instrumental in making our initiative a successful one. It was fulfilling to witness more people – we set forth our next agenda – relief work at Patharpratima.

Phase III : The K-Plot endeavour under Patharpratima block

Patharpratima – the worst Amphan-affected block was our obvious choice. We decided to choose K-plot island for the noble cause as relief programmes often remain limited to mainland – so going to an island was an apt decision.

Sometimes Google shows you the distance but not the real distance until you hit the road. A mere 110 odd kilometers journey can often become an ordeal of 300 Km if the road conditions offer you a bumpy and roller-coaster ride complete with pre-monsoon showers adding to the woes. The pathetic road conditions had ensured our arrival a good 3 hours behind our planned schedule. It was ignominious on our part to witness people braving the sun and occasional downpour for hours to get whatever little we could afford. After a nervy, jerky 7 hours' drive, we finally reached Achintyanagar Ferry Ghat where boats were ready to move us along with relief materials across the river.

A merry ferry of 10 minutes with cool breeze caressing us filled our souls with bliss. A sudden jittery anchor across the river shook us up to realize that we were done with the boat ride. Sundari, Goran and a host of other mangrove species flocked the river banks with their pneumatic roots strutting out defined the vegetation of the region. Flora and fauna here manifest a gamut of adaptive features to survive in the typical saline conditions.

Off we went with our materials on some van rickshaws to the point of distribution. While enroute, the fallen trees and towers, waterlogged fields yelled aloud the rampage and ravage carried out by the Amphan Cyclone in these remotest corners. Broken huts and damaged thatched roofs were enough to make us realize as to how life and property was put on the edge in the eye of the furious strom.

To make up for the lost time we immediately got into the thick of things as we did not want the wait to those needy people to get further prolonged. New Sarees, Biscuits, Mustard Oil, Soaps were locally arranged by our member officer and BL&LRO Patharpratima, Sri Avjit Kundu, which were ferried from Patharpratima block office after crossing two rivers enroute while Sattoo, Batasha, Soyebean, ORS, Sanitary Napkins were brought from Kolkata. Our relief materials were distributed amongst 65 families of the island. The wait was definitely longer for them but their smiling faces in the end really made our day. The efforts these families have to impart daily to stay alive and keep up with life, the challenges they have to face regularly from these grueling conditions – only depict the ever-widening gap between the haves and the have-nots.

After the distribution got over, we trudged along the fields to get to our destination for lunch. Soon we are dabbing into some taste buds rejuvenating meals. We were being treated to some earthly recipes which

were absolute gastronomic delights – a fitting instance of culinary skills which emanated a flavor – rich with unique blend of perseverance, love, humility and hospitality. Conversing with the family that had made arrangements for lunch, we were all ears to their horrifying experiences about the mayhem done by the catastrophe which had shaken their lives forever. Development looked like a far-sighted dream buried under the burdens of reality. But all these shortfalls had failed to make its impact on the bubbly children as they were a bunch of gleaming innocence as ever.

A molten sun was whispering us about the time to head back. We strolled along the embankment and indulged ourselves in some lens work framing the quaint river and the unbounded winds that changed the canvas of the blue skies with floating clouds. Soaking in the ambience of the mother nature we proceeded towards jetty ghat to get to mainland. The golden waters coupled with enchanting light zephyr summed up the mood for the day as tranquil dusk and serene landscape bid adieu to us. The successful execution of this scheduled programme has its roots to the dedication and organization prowess of Sri Avijit Kundu without whose efforts this programme would not have seen the light of the day. Sri Kundu also took the trouble to handover new clothes and sarees to the family which had made arrengements for our lunch. Again, sri Kundu on his own accord made arrengements for distributing relief materials among the disadvantaged people through his office on 27.06.2020. thus, the entire office team of BL&LRO Patharpratima needs to be congratulated for holding such a distinction in the entire district.

Google has already informed us that no alternative routes exist, so we were again staring at the prospect of another pathetic journey adorned with potholes and craters. But those satisfying faces, those angelic children had dramatically washed away all our fatigues. Deep in our mind we promised ourselves to embark on such a journey again to extend our help to destitute people – just to witness some smiling faces amidst the scores of destructions and devastations.

Phase-IV : Relief on School

After the three-fold relief programme undertaken by the South 24 Parganas District Committee to lend support to the people hit by the double reversals of nature – the Covid-19 pandemic and cyclone Amphan, the members of our district were at it again as they did not hesitate to raise another hefty fund as donation for actively participating to the call of the State Committee of our beloved Association for refurbishing two schools, one each in South and North 24 parganas districts which were battered by the devastating cyclone Amphan. Accordingly, Uttar Surendra Ganj FP School located at G-plot island under Patharpratima block was chosen after identification by our member and BL&LRO Patharpratima – Avijit Kundu. The members again took the onus on them and donated generously. With utmost participation, our district was able to collect 45,000 INR for the said purpose. Similarly, collection from all other district had poured in. The State Committee decided to donate 1,50,000 INR for the first phase on 29.08.2020 with a promise to grant another fifity thousand rupees once the instant fund got utilized.

Soon the designated date arrived and a team comprising of Dwaipayan Khasnabis, Debashis Sengupta, Prasenjit Biswas, Bimal Ghosh, Priya Gosh along with Retired members Dipak Chakraborty, Kumar Shankar Roy and family headed off. We had anticipated that our journey to G-Plot island may not be as intolerable and agonizing as our last endeavour at K-plot island of Patharpratima. But pathetic and deplorable roads failed us and fooled us once again!

After a journey extending 5 hours, we made it to Ramganga from where we were scheduled to undertake a near 70-minute cruise to reach Chandmari Ghat at G-Plot with a further 30 minutes ride down the island to reach our destination. After the jittery journey, some relief-both physical and mental was badly needed and the sail across the nature's lap surely offer the same. As we left the bank after 1.30 pm, we were treated with typical mangrove vegetation swarming the levees which were idiosyncratic of the Sundarbans. Some fish catching trawlers along with dinghies of local fisherman accompanied us in our stride through

the rough tidal waters. Dilapidated jetties and crumbling river banks summed up the stories of commute by the locals in those islands who are leading lives beyond the ambit of modern amenities. Ours were the last deboarding point with 5 of them enroute-some without any jetties at all! Thankfully, no such adventurous disembark awaited us. We got on to van rickshaws and reached the school in a while.

The Teacher-in-charge along with his staff were ready to welcome us. The plight of the school which looked more of a construction site after Amphan rampage vindicated our decision. Soon, the goodwill gesture of handing over the cheque of 1,50,000 INR by Dwaipayan Khasnabis and Debashis Sengupta was completed. I pondered and dwelled upon the savoured moment that how my beloved Association stays focused on the social obligations and commitments despite handling all other materialistic affairs! Thoughts of students flocking the school which would get refurbished with assistance from my Association filled my heart with joy, pride and glory…

We headed for the Gobardhanpur sea beach negotiating narrow pathways on our van rickshaws. An instant déjà vu enraptured us…pleasing breeze, roaring sea and a silhouette sun shrouded in misty clouds created scenes which would remain etched to our memories. Our exiguous souls seemed to have escaped the confinement of daily life…for moments, we were like free spirits far away from the hustle and bustle of a busy city life…

As all good things come to an end, so did our golden moments by the magnanimous sea. We started our journey back with refreshed heart and soul. To add twist to the tale, our journey back to the mainland was not a thoroughfare like the way we went there – two ferries and two van rickshaw rides via another island was our prescribed route in the absence of a direct ferry. A moonlit ferry to Ramganga was fascinating to say the least as the brilliant moon silvered the tidal waters and kept us illuminated and interested. Mainland was reached and the spell of a captivating and engrossing boat ride amidst the nature was broken. While rewinding and reliving those beguiled moments of the journey, we embarked on the last leg of our journey back home in our cars…

In our little endeavours to lend helping hands to the people whose lives had witnessed severe calamities, I would convey my thanks to all the participating members of our South 24 Parganas. The crucial role of all the Unit Secretaries of this district also deserves special mention as their efforts held the key in our programmes.

Without whom these programmes would not have been possible include my District Treasurer – Tanvir Ali Biswas who took all the donation amount during Phase-I in his personal account and made all the transactions himself.

A heartfelt thanks to our Retired Members who not only donated to the noble causes but also actively participated –Sri Dipak Chakraborty, Sri Kumar Shankar Roy and family, Sri Kishore Biswas and Sri Manoranjan Saha.

Thanks to our members from other districts who strengthened our mission – Sri Bhabendranath Mondal, Sri Manas Sengupta, Sri Pradip Roy, Sri Suchandan Samanta, Sri Prasenjit Biswas, Sri Amitava Sengupta, Sri Dwaipayan Khasnabis, Sri Debashis Sengupta, Smt. Lopamudra Paul, Sri Biswajit Roychowdhury, Sri Abhijit Chakraborty, Sri Animesh Chowdhury, Sri Pintu Biswas and Smt. Priya Ghosh.

Thanks to the State Committee members for coming up with such a unique humanitarian act of benevolence and unconditional support which will stay with our memories forever and continue to guide us in times ahead.

And not forgetting Railfans United – a group of ferroequinologists who had voluntarily came up and joined

hands with us and donated to our noble cause.

This is not the epilogue of efforts. The present year has been embroiled in crises of immense magnitude that has shattered the human race and has pushed back the global economy by decades. WBLLROA has always been the human race of benevolence and compassion that has strived to stand by the deprived and disadvantages sections of our society. These social commitments have had a charming effect on its members and have always inspired us to carry forward the rich legacy and values. We will once again raise our hands to reach out and make ourselves count – no matter if another crisis surfaces, no matter if another calamity arises, no matter if another adversity strikes…

Long Live WBLLROA

Thanks with reagards,

Somsubhra Das

(District Secretary)

South 24 Parganas

Preparation of Record of Rights-Historical Legacy vis-a-vis the applied Act(s) and the Power and Jurisdiction of the Empowered Authority and the extent of Judicial Review

- Dwaipayan Khasnabis

Preparation of ROR based on framed legislation trace back to the provisions in the Bengal Tenancy Act, 1885.

Sections 101 to 115 of the said Act prescribe the mode, provision and judicial supervision of the process of framing of Record of Rights under the Act. Considering and understanding the economy of Bengal such time, it is not at all surprising that elaborate provisions for settlement of rent was an integral part of preparation of Record of Rights under the Act, though the proviso to Sec.101 primarily held that the issues related to settlement of rent for land held by nonagriculturists or for land not used for purposes of agriculture or horticulture will not come under the scope of settlement of rent under the B.T. Act.

Salient Features of Record Framing Under B.T.Act

S.101: The State Govt. may make an order directing that Record of Rights be prepared in respect of all land in any local area, estate or tenure. However, besides such general power, the State Govt. may also order such preparation of ROR on the basis of application of landlord/tenant and a particular proportion of them as prescribed and on them depositing or giving security for such expenses as to be incurred. Besides, the State Govt. may also order for preparation of ROR to address any dispute between landlord and tenant or if the local area/estate/tenure is managed by someone appointed by the District Judge or where settlement of land revenue is contemplated.

S.102: Provides for the particulars that are to be recorded in the ROR.

S.103: (A&B incl.): Provides for draft publication of ROR, accepting of objections, considering them and then certifying that final publication is complete. (this is commonly still referred to as "৩ ধারা " to mean draft publication)

S.104: After draft publication of ROR u/s 103A, the Revenue Officer shall set out to settle rents for all classes of tenants. There are detailed provisions for fixation of rents, prescribing table of rates, draft publication of the settlement Rent-roll, inviting objections thereof and disposing them and placing the Rent-roll for confirmation by the authority and then the finally framed Rent-role shall be incorporated in the published draft ROR u/s 103A. There was also scope of appeal before the superior revenue authority for the rent as fixed within two months of such order. Besides and beyond such appellate provisions there was scope for moving the Ld. Civil Court if anyone was aggrieved by the entry of rent or omission thereof as in settlement Rent-role and as incorporated in the published draft ROR.

S.105: Provides for instances and cases where settlement of land revenue has not been made but the same is taken up on the basis of application by the landlord/tenant within 4 months of final publication of ROR as per provision of S.103A(2). Sub-section B of Sec.105 also provides for deciding certain rules concerning the tenancy and settling the rent thereof.

S.106: Provides for institution of suits before Revenue Officer within 4 (four) months from the date

of certificate of final publication of the ROR in the form of a plaint on stamped paper for the decision of any dispute regarding any entry which has been made in the ROR or any omission thereof.

The dispute may be between landlord and tenant, or between landlords of same or neighbouring estate, or between tenant and tenant or whether relationship between landlord and tenant exists or whether the land is held rent free and propriety thereof or as to any other matter and the Revenue Officer shall hear and decide the dispute. However, as per provision to the Section, the R.O. was empowered to transfer any particular case to the Ld. Civil Court.

S.107: The Revenue Officer in all proceeding u/s 105/105A, 106 adopt the procedures as laid down in CPC for trial of Suits and his decision in every such proceeding shall have the force and effect of a decree of Civil Court between the parties (This is the famous '৭ ধারা' as still referred to in common terms).

Sec.108: Provided the scope of revision for an RO to review any order under Section 105, 106, 107 within 12 months.

Sec.109: Provided that ordinarily a Civil Court shall not entertain any application or Suit which is the subject matter of any application under Section 105 to 108. Sub-Section (B) to (D) of Section 109 provided for certain supplemental provisions in cases of fixation and recording of rents.

Sec.110: Provided for as to when the rent as settled by the Revenue Officer shall take effect.

